তারিখ 20 OCT 2016 পৃষ্ঠা 8

দৈনিক আমাদের সময়

■ ডিজিটাল মনিটরিং পদ্ধতি

# দ্রুত বাস্তবায়ন চাই

শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অনিয়ম, দুর্নীতি দূর করে সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে ডিজিটাল মনিটরিং পদ্ধতি চালু করার উদ্যোগ নেয় শিক্ষা মন্ত্রণালয়। কোন শিক্ষক কেমন পড়াচ্ছেন বা কোন প্রতিষ্ঠান ছাত্রছাত্রীদের প্রতি কেমন যত্ন নিচ্ছে তা পর্যবেক্ষণের জন্য এ মনিটরিং। কিন্তু শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় ডিজিটাল পরিদর্শন পদ্ধতি নানা বাধায় আটকে গেছে। এক বছর পেরিয়ে গেলেও মাত্র ওয়েবসাইটের ডেমো তৈরি করছে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ)। পাইলটিং পর্যায়েই এ পদ্ধতি মুখ থুবড়ে পড়েছে, যা খুবই দুঃখজনক।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্যানুযায়ী 'পিয়ার ইন্সপেকশন' বা সমজাতীয় পরিদর্শন নামে ডিজিটাল মনিটরিং পদ্ধতি প্রবর্তনে ওয়েবসাইট নির্মাণ, সফটঅয়্যার তৈরি, সার্ভার ও অন্য যন্ত্রপাতি ক্রয়সহ মোট ১০ কোটি টাকা ব্যয় ধরা হয়। ২০১৫ সালের জুলাই মাসে এ পদ্ধতির ওপর বিশাল কর্মশালা আয়োজনে নীতি ও কৌশল ঠিক করে ডিআইএ। কিন্তু এর পর এক বছর পার হয়েছে শুধু একটি ওয়েবসাইটের সফটঅয়্যার তৈরি করতেই। শিক্ষার পরিবেশ নিশ্চিতে প্রতিষ্ঠানপ্রধান বা ব্যবস্থাপনা কমিটির ভূমিকা, অভিভাবকের সঙ্গে প্রতিষ্ঠানের সম্পর্কসহ মোট ১১৪টি বিষয়ে মনিটরিং করা হবে অনলাইনে একটি বিশেষ সফটঅয়্যারের মাধ্যমে। এর মাধ্যমে আরও জানা যাবে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকের পেশাদারিত্ব-শ্রেণি পাঠদান মূল্যায়ন, শিক্ষকের ব্যক্তিগত গোপনীয় তথ্য (এসিআর), প্রতিষ্ঠানপ্রধানের একাডেমিক কার্যক্রম মূল্যায়ন, শিক্ষার্থীর কৃতিত্ব মূল্যায়ন, ক্লাস রুটিন পর্যালোচনা, শিক্ষক-শিক্ষার্থীর সমাবেশ, শ্রেণিকক্ষের পরিবেশ, স্যানিটেশন পরিদর্শন ও পর্যবেক্ষণ, শিক্ষার্থীর আসনব্যবস্থা, মিলনায়তন, পাঠাগার, বিজ্ঞানাগার, ল্যাংগুয়েজ ল্যাব, কম্পিউটার ল্যাবের তথ্য, শিক্ষার্থীর ভাষা ব্যবহারের দক্ষতা যাচাই, আয়-ব্যয় বিবরণী, সহশিক্ষা কার্যক্রম ও অভিভাবক-শিক্ষক সম্পর্ক ইত্যাদি। এই পদ্ধতিতে অনলাইন মাধ্যমে পরিদর্শন করা হবে দেশের প্রায় ৩৬ হাজার এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম।

এই পদ্ধতির ফলে প্রতিষ্ঠানের কোনো বিষয় গোপন করা বা এড়িয়ে যাওয়ার সুযোগ নেই। ডিজিটাল পদ্ধতিতে দ্রুত সময়ে নিরীক্ষা করলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক ক্ষেত্রে শৃঙ্খলা প্রতিষ্ঠা সম্ভব হবে। শিক্ষার মানও বাড়বে বলে আমরা মনে করি। তাই প্রস্তাবিত ডিজিটাল মনিটরিং পদ্ধতি বাস্তবায়নে দ্রুত কার্যকর পদক্ষেপ নিতে হবে।